

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর, যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.dyd.gov.bd.

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৯.১৬-২৩৪

তারিখঃ- ০৭/০৬/২০১৬ খ্রিঃ।

বিষয়ঃ- যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণপ্রাপ্ত যুবদের আত্মকর্মসংস্থান সৃজন, পরোক্ষ কর্মসংস্থান ও কর্মসংস্থানে নিয়োজিতদের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ ১। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৫.১৩-৬৮৮ তারিখঃ-০৫/১১/২০১৪ খ্রিঃ।

২। ৩৪.০১.০০০০.০২৮.৪৮.০৫৫.১৩-৫৯৬ তারিখঃ-২৭/১২/২০১৫ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রসমূহের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যুব উন্নয়ন অধিদপ্তরের বিভিন্ন জেলা কার্যালয় হতে আত্মকর্মসংস্থান সৃজন, পরোক্ষ কর্মসংস্থান ও কর্মসংস্থানে নিয়োজিতদের অগ্রগতির সমন্বিত প্রতিবেদন প্রধান কার্যালয়ের দারিদ্র্য বিমোচন ও ঋণ শাখায় প্রতিমাসে ১২ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। নির্দেশনা মতে এপ্রিল '১৬ মাসের ৬৪টি জেলার মধ্যে ৫২টি জেলা হতে প্রতিবেদন প্রেরণ করা হয়। অবশিষ্ট ১২টি জেলা ১। নারায়ণগঞ্জ ২। টাংগাইল ৩। মাদারীপুর ৪। রাংগামাটি ৫। কক্সবাজার ৬। নওগাঁ ৭। বগুড়া ৮। কুড়িগ্রাম ৯। পঞ্চগড় ১০। বরিশাল ১১। পিরোজপুর ও ১২। পটুয়াখালী হতে প্রতিবেদন পাওয়া যায়নি। এ ব্যাপারে সূত্রভুক্ত পত্রসমূহের মাধ্যমে একাধিকবার অনুরোধসহ তাগিদ প্রদান করা সত্ত্বেও জেলাসমূহ হতে ধারাবাহিকভাবে প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে না। যা কোনভাবেই গ্রহণযোগ্য নয়।

এমতাবস্থায় বর্ণিত জেলাসহ সকল জেলাকে আগামী মাসের ১২ তারিখের মধ্যে অব্যাহতভাবে প্রধান কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ নিশ্চিতকরণ এবং ১২টি জেলা হতে প্রতিবেদন প্রেরণ না করার কারণ আগামী ২০/০৬/২০১৬ খ্রিঃ তারিখের মধ্যে জানানোর জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতি গুরুত্বপূর্ণ।


(নাসরিন আক্তার)

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার ও ডেস্ক কর্মকর্তা
(দাঃ বিঃ ও ঋণ শাখা)

উপ-পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, (সংশ্লিষ্ট)-----জেলা।

স্মারক নং-৩৪.০১.০০০০.০২৮.৪৮.০০৯.১৬-২৩৪

তারিখঃ- ০৭/০৬/২০১৬ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

- ০১। সহকারী পরিচালক, আইসিটি সেল, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। অফিস কপি/গার্ড নথি।


(নাসরিন আক্তার)

কমিউনিটি ডেভেলপমেন্ট অফিসার ও ডেস্ক কর্মকর্তা
(দাঃ বিঃ ও ঋণ শাখা)